

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে কর্মকর্তাদের নিয়ে তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সকল কর্মকর্তাদের নিয়ে দিনব্যাপী ‘তথ্য অধিকার আইন-২০০৯ এবং সংশ্লিষ্ট বিধিমালা ও প্রবিধিমালা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (২০ নভেম্বর ২০২২) বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে আইকিউএসি সেমিনার কক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেমিনারের উদ্বোধন করেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

নোবিপ্রবি রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ জসীম উদ্দিনের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল বাকী, আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. মোঃ আরিফুর রহমান, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব সাখাওয়াত হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন নোবিপ্রবি আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ারুল বাশার।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য বলেন, ‘তথ্য অধিকার আইন জনগণের কল্যাণে প্রণীত হয়েছে। এতে সুশাসন নিশ্চিত হয় এবং তথ্যের অবাধ প্রবাহে রাষ্ট্র এবং জনগণের মধ্যে আস্থার সম্পর্ক তৈরি হয়। এই সেমিনারের মাধ্যমে তথ্য অধিকার আইনের বিধি ও উপ-বিধিসমূহ সম্পর্কে আপনারা অবগত হবেন, যা সকলের পেশাগত ক্ষেত্রে কাজে আসবে। সেমিনারের সফলতা কামনা করছি এবং আয়োজকদের ধন্যবাদ জ্ঞাপন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের নিয়ে দিনব্যাপী আয়োজিত এ সেমিনারের রিসোর্স পার্সন হিসেবে ছিলেন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগের উপ-পরিচালক ও আরটিআই ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ আব্দুল মান্নান ও গ্রীন ইউনিভার্সিটি অব বাংলাদেশের জার্নালিজম এন্ড মিডিয়া কমিউনিকেশন বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ ওলিউর রহমান।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

